অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/11/2024 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক স্টেটে শীতকালীন আবহাওয়ার তীব্র প্রভাবের কারণে গভর্নর হোকল আপৎকালীন পরিস্থিতির অবস্থা ঘোষণা করেছেন

ক্যাটারাগাস, চৌটাউকা, ইরি, ফ্র্যাঙ্কলিন, জেনেসি, হ্যামিল্টন, হারকিমার, জেফারসন, লুইস, ওসওয়েগো, সেন্ট লরেন্স এবং ওয়াইওমিং এবং আশেপাশের কাউন্টিতে স্টেটের আপৎকালীন পরিস্থিতির অবস্থা ঘোষণা করছেন; যা সুদক্ষভাবে সাড়াদান এবং অতিরিক্ত সংস্থানে স্থানীয় অ্যাক্সেস নিশ্চিত করতে সহায়তার জন্য জারি করা হয়েছে

লেক প্রভাবিত তুষারের কারণে আজ বিকাল থেকে শুরু করে শুক্রবার পর্যন্ত ইরি ও অন্টারিও লেকের পূর্বের এলাকাগুলিতে তিন ফুট পর্যন্ত তুষারের আশঙ্কা করা যাচ্ছে

Exit 53 পশ্চিম থেকে পেনসিলভেনিয়া স্টেটের সীমা পর্যন্ত NYS Thruway-তে দুদিকের পথেই আজ মাঝরাত থেকে পরবর্তী বিজ্ঞপ্তি না পাওয়া পর্যন্ত ট্যান্ডেম এবং খালি ট্রেলার নিষিদ্ধ করা হয়েছে

NY 179 থেকে I-190 পর্যন্ত NY Route 5 এবং I-90 থেকে I-86 পর্যন্ত US 219, I-90 থেকে NY 16 পর্যন্ত NY Route 400 এবং US 219 থেকে PA Line পর্যন্ত I-86 এর পথে ট্যান্ডেম এবং খালি ট্রেলারের নিষেধাজ্ঞা আজ মাঝরাত থেকে শুরু হচ্ছে

আজরাত থেকে বৃহস্পতিবার পর্যন্ত NYC, লং আইল্যান্ড এবং মিড-হাডসন ভ্যালির অঞ্চলগুলিতে স্থানীয়ভাবে ভারি বৃষ্টিপাতের পাশাপাশি ঘণ্টায় 60 মাইল বেগে ঝোড়ো বাতাস বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে

আজরাত থেকে বৃহস্পতিবার পর্যন্ত তীব্র হাওয়ার ফলে লেক প্রভাবিত এলাকাগুলোতে হোয়াইটআউট অবস্থা সৃষ্টি হতে পারে; যাতায়াতের সময় মোটরচালকদের বাড়তি সাবধানতা অবলম্বন করা উচিত

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ওয়েস্টার্ন নিউ ইয়র্ক (Western New York), ফিঙ্গার লেকস (Finger Lakes), সেন্ট্রাল নিউ ইয়র্ক (Central New York) এবং নর্থ কান্ট্রির (North Country) অঞ্চলে একটি আপৎকালীন পরিস্থিতির অবস্থা (State of Emergency) ঘোষণা করেছেন, যেহেতু এইসমস্ত এলাকায় লেক প্রভাবিত তুষারের কারণে কয়েক ফুট পর্যন্ত তুষারপাত হওয়ার সম্ভাবনা রয়েছে। ইরি (Erie) ও অন্টারিও (Ontario) লেকের পূর্বের

এলাকাগুলিতে দুই থেকে তিন ফুট তুষার দেখা যেতে পারে, সেইসাথে আজরাত থেকে শুরু করে শনিবার পর্যন্ত ঘণ্টায় 30-45 মাইল বেগের তীব্র বাতাস বয়ে যাওয়ার সম্ভাবনাও রয়েছে। ফলস্বরূপ, Exit 53 পশ্চিম (বাফালো (Buffalo) (ডাউনটাউন) - কানাডা (Canada) - নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls) - I-190) থেকে পেনসিলভেনিয়া (Pennsylvania) স্টেটের সীমা পর্যন্ত Thruway-তে (I-90) দুদিকের পথেই পরবর্তী বিজ্ঞপ্তি না পাওয়া পর্যন্ত থ্রুওয়ে কর্তৃপক্ষ (Thruway Authority) ট্যান্ডেম এবং খালি ট্রেলারের নিষেধাজ্ঞা বাস্তবায়ন করছে। উপরন্তু, NY 179 থেকে I-190 পর্যন্ত NY Route 5 (ইরি কাউন্টি) এবং I-90 থেকে I-86 পর্যন্ত US 219 (ইরি এবং ক্যাটারাউগাস কাউন্টি), I-90 থেকে NY 16 পর্যন্ত NY Route 400 (ইরি কাউন্টি) এবং US 219 থেকে PA Line পর্যন্ত I-86 (ক্যাটারাউগাস এবং চৌটাউকা কাউন্টি) পথে পরিবহন বিভাগ (Department of Transportation) আজ মাঝরাত থেকে ট্যান্ডেম এবং খালি ট্রেলারের নিষেধাজ্ঞা বাস্তবায়ন করছে। এইসব এলাকার নিউ ইয়র্কবাসীদের নিজেদের স্থানীয় পূর্বাভাসে মনোযোগ দেওয়া উচিত এবং যাতায়াতের সময় সকল প্রয়োজনীয় সাবধানতা অবলম্বন করা উচিত, কারণ তীব্র বাতাস এবং ঝোড়ো হাওয়ার ফলে হোয়াইটআউট পরিস্থিতি সৃষ্টি হতে পারে।

“আমাদের স্টেটে শীতের তীব্রতা বৃদ্ধি পাওয়ার ফলে, আমি আপৎকালীন পরিস্থিতির অবস্থা ঘোষণা করছি যাতে নিজেদের নিরাপদ রাখার জন্য আমাদের সম্প্রদায়গুলোকে প্রয়োজনীয় সম্পদ থাকে,” **গভর্নর Hochul (হোকল) বলেছেন।** “আমরা প্রতিটি সম্ভাবনার জন্য প্রস্তুত হওয়ার সময় বিভিন্ন সম্পদ মোতায়েন করছি এবং সরকারের অংশীদারদের সাথে কাজ করছি — আমি সমস্ত নিউ ইয়র্কবাসীকে সতর্ক থাকতে, সম্ভব হলে রাস্তা থেকে দূরে থাকতে এবং পরবর্তী 48 ঘণ্টার মধ্যে পরিবার এবং বন্ধুদের সাথে যোগাযোগ বজায় রাখতে উৎসাহিত করছি।”

ক্যাটারাগাস (Cattaraugus), চৌটাউকা (Chautauqua), ইরি (Erie), ফ্র্যাঙ্কলিন (Franklin), জেনেসি (Genesee), হ্যামিল্টন (Hamilton), হারকিমার (Herkimer), জেফারসন (Jefferson), লুইস (Lewis), ওসওয়েগো (Oswego), সেন্ট লরেন্স (St. Lawrence) এবং ওয়াইওমিং (Wyoming) এবং আশেপাশের কাউন্টিতে স্টেটের আপৎকালীন পরিস্থিতির অবস্থা কার্যকর রয়েছে।

বুধবার রাত থেকে শুরু হ্রদের জলচ্ছ্বাসের ফলে তুষারের পাশাপাশি, হাডসন ভ্যালি (Hudson Valley), নিউ ইয়র্ক সিটি (New York City) এবং লং আইল্যান্ড (Long Island) সহ স্টেটের পূর্ব অংশে বুধবার টানা তীব্র বাতাস এবং ভারী বৃষ্টিপাত অব্যাহত রয়েছে। কিছু জায়গায় ঝোড়ো হাওয়া ঘণ্টার 50 মাইলের বেশি বেগে বয়ে যেতে পারে এবং তারফলে বিদ্যুৎ বিভ্রাট ঘটাতে পারে, অন্যদিকে ভারী বৃষ্টিপাতের ফলে স্থানীয়ভাবে আকস্মিক বন্যার সৃষ্টি হতে পারে।

স্টেটের অনেক অংশে অনেকগুলি ওয়াচ ও ওয়ার্নিং কার্যকর করা আছে। সম্পূর্ণ তালিকা দেখার জন্য জাতীয় আবহাওয়া পরিষেবার (National Weather Service) ওয়েবসাইট alerts.weather.gov ভিজিট করুন। এছাড়াও নিউ ইয়র্কবাসীদেরকে alert.ny.gov থেকে NY অ্যালার্টে (NY Alert) সাবস্ক্রাইব করে জরুরি সতর্কতার জন্য সাইন আপ করতে উৎসাহিত করা যাচ্ছে, এটি একটি বিনামূল্যে প্রদত্ত সেবা যা আপনার সেল ফোন বা কম্পিউটারে অতি গুরুত্বপূর্ণ জরুরি তথ্য প্রদান করে।

এজেন্সির কর্মকাণ্ড

নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services, DHSES)
ডিভিশনের অফিস অফ ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (Office of Emergency Management) তাদের স্থানীয় কাউন্টারপার্টগুলির সাথে যোগাযোগ রাখছে এবং সহায়তার অনুরোধের ব্যবস্থা করার জন্য প্রস্তুত আছে। স্টেট মজুদ কর্মীরা আছে এবং প্রয়োজন অনুযায়ী জরুরি সাড়াদান সম্পদ এবং সাপ্লাই মোতায়েন করতে প্রস্তুত। স্টেটের ওয়াচ সেন্টারটি (Watch Center) ঝড় এবং পুরো স্টেটে এর প্রভাব ভালোভাবে মনিটর করছে।

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগ (New York State Department of Transportation)
স্টেট পরিবহন বিভাগ আজ মাঝরাত থেকে নিম্নলিখিত রাস্তাগুলোতে ট্যান্ডেম এবং খালি ট্রেলারের নিষেধাজ্ঞা বাস্তবায়ন করছে:

- NY 179 থেকে I-190 পর্যন্ত NY Route 5 (ইরি কাউন্টি)
- I-90 থেকে I-86 পর্যন্ত US 219 (ইরি এবং ক্যাটারাউগাস কাউন্টি)
- I-90 থেকে NY 16 পর্যন্ত NY Route 400 (ইরি কাউন্টি)
- US 219 থেকে PA Line পর্যন্ত I-86 (ক্যাটারাউগাস এবং চৌটাউকা কাউন্টি)

DOT ধারাবাহিকভাবে আবহাওয়ার অবস্থা পর্যবেক্ষণ করছে এবং 3,527 জন সুপারভাইজার ও অপারেটর নিয়ে সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছে। সকল মাঠ পর্যায়ের কর্মীরা সম্পূর্ণভাবে নিযুক্ত হতে ও সাড়া দিতে তৈরি আছে। প্রয়োজনীয় যেকোনো ধরনের সাড়াদানকারী কর্মী হিসেবে কর্মীদেরকে নিয়োজিত করা যাবে (প্লাউ, ড্রেনেজ, চিপার, লোড করা ও টানা, কাটা ও ছুড়ে ফেলা, ইত্যাদি)। সাড়াদানের জন্য যা যা সরঞ্জাম আছে সব ব্যবহারের জন্য প্রস্তুত আছে এবং ইভেন্টের পুরো সময়ে এবং জরুরি ক্লিনআপ অপারেশনের সময় অপারেটর, সুপারভাইজার, এবং মেকানিকদের নিয়ে অপারেশনের জন্য প্রভাবিত এলাকার সকল রেসিডেন্সিতে সপ্তাহে 7 দিন, দিনে 24 ঘণ্টাই কর্মীরা প্রস্তুত থাকবে।

স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 1,623টি লার্জ প্লাউ ট্রাক
- 336টি বৃহৎ লোডার
- 152টি মাঝারি ডিউটি প্লাউ
- 52টি টো প্লাউ
- 36টি বড় স্নো ব্লোয়ার
- 19টি গ্রেডার
- ট্র্যাকযুক্ত 37টি এক্সক্যাভেটর
- 50টি লোডার- গ্র্যাপল সংযুক্তি
- 29টি ট্র্যাফিক সিগন্যাল ট্রাক
- 12টি ট্রি ক্রু বাকেট ট্রাক

ঝড়ে ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে সাড়াদানের অপারেশনকে আরো সমর্থন করতে বিভাগ আরো পাঁচটি প্লাউ ট্রাক, চারটি স্নো ব্লোয়ার, দুইটি গ্রেডার, 20 জন প্লাউ ট্রাক অপারেটর, চারজন সুপারভাইজার এবং চারজন ইক্যুইপমেন্ট অপারেটর ইন্সট্রাক্টর সহ আরও 28 জন কর্মীকে

নিয়োগ করেছেন, যাদের নর্থ কান্ট্রি এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কে পাঠানো হবে। যেভাবে তাদের কাজে লাগানো হবে:

নর্থ কান্ট্রি

- মোহক ভ্যালি থেকে 10 জন অপারেটর, দুই জন সুপারভাইজার এবং পাঁচটি প্লো ট্রাক নেওয়া হচ্ছে

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

- ফিঙ্গার লেকস থেকে পাঁচজন অপারেটর, একজন সুপারভাইজার এবং দুই জন ইক্যুইপমেন্ট অপারেটর ইন্সট্রাক্টর নেওয়া হচ্ছে
- ওয়েস্টার্ন সাউদার্ন টিয়ার (Western Southern Tier) থেকে পাঁচজন অপারেটর, একজন সুপারভাইজার এবং দুই জন ইক্যুইপমেন্ট অপারেটর ইন্সট্রাক্টর নেওয়া হচ্ছে
- ক্যাপিটাল রিজিয়ন (Capital Region) থেকে একটি স্নো ব্লোয়ার এবং একটি গ্রেডার নেওয়া হচ্ছে
- মোহক ভ্যালি (Mohawk Valley) থেকে একটি স্নো ব্লোয়ার নেওয়া হচ্ছে
- মিড-হাডসন (Mid-Hudson) থেকে একটি স্নো ব্লোয়ার নেওয়া হচ্ছে

কর্মীদের সবাই এখন যাওয়ার জন্য প্রস্তুতি নিচ্ছেন এবং বুধবার সন্ধ্যার মধ্যে তারা নিজেদের দায়িত্বপ্রাপ্ত স্থানে পৌঁছে যাবেন। ভারী তুষারপাতের এলাকাসমূহে কভারেজ বাড়াতে লেক ইফেক্ট তুষারের মধ্যে থাকা অঞ্চলগুলিতেও রোলিং অ্যাসিস্ট করবে। এই রোলিং অ্যাসিস্টগুলি ব্যান্ডের গতিবিধি অনুযায়ী জায়গা বদলাবে।

পুরো সময়জুড়ে আবহাওয়ার অবস্থা বিবেচনায় নিয়ে বাড়তি সম্পদ বরাদ্দের প্রয়োজন পুনর্মুল্যায়ন করা হবে।

বাস্তব সময়ের সফরের তথ্য পাওয়ার জন্য মোটরচালকদের 511 নম্বরে কল করতে হবে বা নিউ ইয়র্ক স্টেটের ট্র্যাফিক ও যাত্রা তথ্যের সরকারি উৎস https://www.511ny.org/#:Alerts দেখতে হবে।

থ্রুওয়ে কর্তৃপক্ষ (Thruway Authority)

থ্রুওয়ে কর্তৃপক্ষ পূর্বাভাসের উপর নজর রাখছে এবং 692 জন অপারেটর এবং সুপারভাইজারকে নিয়ে সাড়াদানের জন্য তৈরি আছে। আজ মাঝরাত থেকে শুরু করে, Exit 53 পশ্চিম (বাফালো (ডাউনটাউন) - কানাডা - নায়াগ্রা জলপ্রপাত - I-190) থেকে পেনসিলভেনিয়া স্টেটের সীমা পর্যন্ত NYS Thruway (I-90)-এর দুদিকের পথেই পরবর্তী বিজ্ঞপ্তি না পাওয়া পর্যন্ত থ্রুওয়ে কর্তৃপক্ষ ট্যান্ডেম এবং খালি ট্রেলারের নিষেধাজ্ঞা প্রয়োগ করছে। স্টেটব্যাপী সরঞ্জামের সংখ্যা ও সংস্থানসমূহের তালিকা নিচে দেওয়া হলো:

- 330টি লার্জ এবং মিডিয়াম ডিউটি প্লাউ ট্রাক
- 10টিটো প্লাউ
- 63টি লোডার

- 117,000+ টন লবণ হাতে আছে

থ্রুওয়েতে গাড়ির চালকদেরকে শীতকালীন আবহাওয়ার অবস্থা সম্পর্কে সতর্ক করতে ভ্যারিয়েবল মেসেজ সাইন (Variable Message Signs) ও সোশ্যাল মিডিয়া (X এবং Facebook) ব্যবহার করা হচ্ছে।

2024-2025 তুষার এবং বরফের মৌসুমের জন্য নতুন হলো, থ্রুওয়ের 250টিরও বেশি হেভি-ডিউটি প্লাউ ট্রাকের সবগুলিকে গ্রিন হ্যাজার্ড লাইট দিয়ে তৈরি রাখা হয়েছে, যা স্ট্যান্ডার্ড অ্যাম্বার হ্যাজার্ড লাইটকে সাহায্য করে। গ্রিন লাইটের উদ্দেশ্য হলো শীতকালীন অপারেশনের সময় ভিজিবিলিটি বাড়ানো এবং নিরাপত্তা বাড়ানো, বিশেষ করে কম আলোর অবস্থা এবং খারাপ আবহাওয়াতে। গাড়ি চালকদের মনে করিয়ে দেওয়া হচ্ছে যে থ্রুওয়ে স্নোপ্লাউ প্রায় ঘন্টায় 35 মাইল গতিতে চলে, যা অনেক জায়গার লিখে রাখা স্পিড লিমিটের থেকে কম হয়, যাতে নিশ্চিত করা যায় যে ছড়িয়ে দেওয়া লবণ ড্রাইভিং লেনেই থাকে এবং রাস্তার বাইরে ছড়িয়ে না পড়ে। গাড়ি চালকদের জন্য সবথেকে নিরাপদ জায়গা হলো স্নোপ্লাউয়ের পেছনে বেশ দূরে থাকা যেখানে রাস্তা পরিষ্কার করা হয়েছে ও লবণ ছড়ানো হয়েছে।

থ্রুওয়ে অথোরিটি তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়ির চালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য ফ্রি পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক সম্পর্কে তথ্য, লাইভ ট্রাফিক ক্যামেরা, ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। গাড়ির চালকেরা TRANSalert ইমেলের জন্য সাইন আপ করতে পারেন এবং থ্রুওয়েকে Facebook, X (অতীত Twitter নামে পরিচিত) এবং Instagram-এ ফলো করতে পারেন, বা Thruway ওয়েবসাইট ভিজিট করতে পারে।

নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস ডিপার্টমেন্ট (New York State Department of Public Service, DPS)
নিউ ইয়র্কের ইউটিলিটিগুলির কাছে পুরো স্টেটে আনুমানিক 5,600 কর্মী তৈরি আছে যারা ক্ষয়ক্ষতির পরিমাণ যাচাই করা, সাড়াদান, মেরামত, এবং পুনঃস্থাপন চেষ্টায় পুরো নিউ ইয়র্ক স্টেটে প্রয়োজনমতো কাজ করবে। এর মধ্যে Con Edison-এর নিশ্চিত করা 50 জন এক্সটার্নাল চুক্তিভিত্তিক কর্মী এবং অরেঞ্জ (Orange) ও রকল্যান্ড (Rockland)-এর নিশ্চিত করা 50 জন এক্সটার্নাল চুক্তিভিত্তিক কর্মী আছে। এজেন্সির কর্মীরা পুরো সময় ইউটিলিটিগুলির কার্যক্রমের উপর নজর রাখবে এবং সবথেকে বেশি প্রভাবিত হতে পারে বলে ধারণা করা এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর পর্যাপ্ত কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)
স্টেট পুলিশ সব টুপারকে সতর্ক থাকার নির্দেশ দিয়েছে এবং প্রয়োজন অনুযায়ী ক্ষতিগ্রস্থ এলাকায় অতিরিক্ত পেট্রোল মোতায়েন করবে। সকল চার চাকার গাড়ি চলাচল করছে এবং বিশেষায়িত গাড়ি যেমন- ইউটিলিটি টেরেন ভেহিকল ও স্নোমোবাইল সবই চলাচলের জন্য প্রস্তুত অবস্থায় রয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশমূলক সংরক্ষণের বিভাগ
DEC-এর ইমার্জেন্সি ম্যানেজমেন্ট স্টাফ, এনভায়রনমেন্টাল কনজার্ভেশন পুলিশ অফিসার,

ফরেস্ট রেঞ্জার এবং আঞ্চলিক স্টাফ সতর্ক আছে এবং তৈরি হওয়া পরিস্থিতি এবং আবহাওয়ার পূর্বাভাসের উপর নজর রাখছে। পার্টনার এজেন্সিগুলির সাথে কাজ করে ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন Department of Environmental Conservation, DEC) বৃষ্টি, তুষার এবং তীব্র বাতাসের কারণে যা যা হওয়া সম্ভব তার জন্য টার্গেট করা এলাকাতে পাঠানোর জন্য করাতী ও ফার্স্ট রেসপন্ডার সহ সব রিসোর্সের কোঅর্ডিনেট করতে প্রস্তুত আছে।

DEC তুষার অপসারণ ও পরিত্যাগের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের মনে করিয়ে দিচ্ছে যে তারা বন্যা প্রতিরোধ করতে এবং পানির মানকে লবণ, বালি, তেল, আবর্জনা এবং অন্যান্য অবশিষ্টাংশের মতো দূষণকারী পদার্থ দ্বারা প্রভাবিত হওয়ার সম্ভাবনা হ্রাস করতে সাহায্য করার জন্য সর্বোত্তম ব্যবস্থাপনার অনুশীলনগুলি যাতে মেনে চলেন। স্থানীয় খাঁড়ি ও খালগুলোতে বরফ ফেলার কারণে বরফের বাঁধ তৈরি হতে পারে, যার ফলে বন্যা দেখা দিতে পারে। সরকারি ও বেসরকারি তুষার অপসারণ অপারেটরদেরকে শীতকালীন ঝড় চলাকালীন ও পরবর্তী এইসব নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অবগত থাকতে হবে। DEC-এর ডিভিশন অফ ওয়াটার টেকনিক্যাল এবং অপারেশনাল গাইডেন্স সিরিজ: স্নো ডিস্পোজালে (Division of Water Technical and Operational Guidance Series: Snow Disposal)-এ অতিরিক্ত তথ্য পাওয়া যাবে।

অ্যাডিরনড্যাক (Adirondacks), ক্যাটস্কিল (Catskills) ও অন্যান্য গ্রাম্য এলাকায় অপ্রত্যাশিত শীতকালীন আবহাওয়া ও ঝড়ের কারণে বিভিন্ন বিপজ্জনক পরিস্থিতি তৈরি হতে পারে। বেড়াতে যাওয়া মানুষের উচিত তুষার, বরফ ঠাণ্ডার জন্য যথাযথ পোশাক ও সরঞ্জাম নিয়ে তৈরি থাকা যাতে একটি নিরাপদ শীতের অভিজ্ঞতা নিশ্চিত করা যায়। অ্যাডিরন্ড্যাকে তুষারের গভীরতার মধ্যে অনেক পার্থক্য থাকতে পারে, হাই পিকস (High Peaks) অঞ্চলের উঁচু জায়গায় এবং 3,000 ফুটের বেশি অন্যান্য পাহাড়ে সবথেকে গভীর তুষার পড়বে। কম উঁচু ট্রেইলে তুষার, বরফ, জলকাদা এবং মাটি মিশ্রিত ব্যবস্থা রয়েছে, যেমন ক্যাটসকিল মাউন্টেন্সের (Catskill Mountains) অনেকগুলিতে যেখানে বরফে জমাট পথ থাকা সম্ভব।

কোনো কোনো জলপথে বরফ জমা শুরু হয়েছে, তাই বেড়াতে যাওয়ার আগে বরফের নিরাপত্তা গাইডলাইন দেখে যাওয়ার জন্য DEC প্রকৃতিপ্রেমীদের পরামর্শ দিচ্ছে।

ট্রেইলের পরিস্থিতি, মৌসুমী রাস্তা বন্ধ, এবং সাধারণ বিনোদন তথ্য সম্পর্কে সর্বশেষ খবরের জন্য অ্যাডিরন্ড্যাকের হাইকারদেরকে অ্যাডিরন্ড্যাক ব্যাককান্ট্রি তথ্য (Adirondack Backcountry Information) ওয়েবপেজ ভিজিট করার জন্য উৎসাহিত করা হচ্ছে। যারা গ্রাম্য এলাকায় বেড়াতে যাবে তাদের স্মার্টভাবে হাইক করা উচিত এবং যথাযথ নিরাপত্তা গাইডলাইন মেনে চলা উচিত। ভেবেচিন্তে ভ্রমণের পরিকল্পনা করুন। ইমার্জেন্সি দরকারের সময় 911 নম্বরে ফোন করুন। ফরেস্ট রেঞ্জার সহায়তা অনুরোধ করার জন্য, 1-833-NYS-RANGERS নম্বরে ফোন করুন।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)

নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। সড়ক থেকে ভেঙ্গে পড়া গাছপালা ও ডালপালা সরানোর কাজে সহায়তা করার জন্য দুইজন করাত কর্মী প্রস্তুত রয়েছেন। পার্কে বেড়াতে যাওয়া

লোকজনের parks.ny.gov ওয়েবসাইট চেক করা উচিত অথবা পার্ক খোলা থাকার সময়, খোলা ও বন্ধের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য তাদের স্থানীয় পার্ক অফিসে কল করা উচিত।

নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ

চলাচল:

নিরাপদে গাড়ি চালানোর জন্য কিছু গুরুত্বপূর্ণ পরামর্শের মধ্যে রয়েছে:

- আপনার স্থানীয় এলাকা এবং আপনি যে এলাকায় ভ্রমণ করছেন তার জন্য পূর্বাভাস মনিটর করুন।
- অহেতুক ভ্রমণ এড়িয়ে চলুন।
- যদি আপনাকে ভ্রমণ করতেই হয়, আপনার গাড়িতে জীবন-রক্ষাকারী সরঞ্জাম যেমন কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও বাড়তি ব্যাটারি, বাড়তি গরম পোশাক, টায়ার চেইনের সেট, ব্যাটারির বুস্টার ক্যাবল, দ্রুত শক্তিদায়ক খাবার এবং বিপদ সংকেত দেয়ার জন্য ব্যবহারের উদ্দেশ্যে উজ্জ্বল রঙের কাপড়ের টুকরা রয়েছে তা নিশ্চিত করুন।
- যদি আপনার ব্যবহারের জন্য অন্যান্য যোগাযোগের ডিভাইস যেমন সেল ফোন অথবা টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারিতে চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণের সময় সেটি আপনার সঙ্গে রাখুন। যদি আপনি হারিয়ে যান, সাহায্যের জন্য কল করে উদ্ধারকারীদেরকে আপনার লোকেশন জানাতে পারবেন।
- শীতকালীন সময়ে মৃত্যু ও আঘাতপ্রাপ্তির শীর্ষ কারণ হলো পরিবহনজনিত দুর্ঘটনা। গাড়িতে চলাচল করার আগে আপনার যানবাহন বরফ ও তুষার থেকে মুক্ত আছে তা নিশ্চিত করে নিন; ভালোভাবে দৃষ্টিগোচর হওয়াটা ভালোভাবে গাড়ি চালানোর মূল চাবিকাঠি। আপনার থামার স্থানগুলো সম্পর্কে পরিকল্পনা করে রাখুন এবং গাড়িগুলোর মধ্যে আরো বেশি দূরত্ব রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে তুষারকণা ছোট শিশুদেরকে আড়াল করে দিতে পারে। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।
- রাস্তায় গাড়ি চালানো ব্যক্তিদের জন্য এটি জানা গুরুত্বপূর্ণ যে, তুষার পরিষ্কারকারী যানবাহন সাধারণত 35 মাইল প্রতি ঘণ্টা পর্যন্ত গতিতে চলে যা অনেক ক্ষেত্রে নির্ধারিত গতি সীমার তুলনায় কম।
- প্রায়শই আন্তঃস্টেট মহাসড়কে, একসাথে কয়েকটি লেন নিরাপদে পরিষ্কার করার জন্য তুষারপ্লোগুলো পাশাপাশি চলাচল করে।
- গাড়ি চালক ও পথচারীদেরকেও খেয়াল রাখতে হবে যে স্নো-প্লাউ চালকদের দৃষ্টিগোচরতা সীমিত থাকে, এবং স্নো-প্লাউ এর আকার ও ওজন সেটিকে দ্রুত সরানো ও বন্ধ করা কঠিন করে তুলতে পারে। প্লোয়ের পেছন থেকে তুষার উড়ে যাওয়া দৃশ্যমানতা ব্যাপকভাবে কমিয়ে দিতে পারে বা সাদা পরিস্থিতির সৃষ্টি করতে পারে।
- যাত্রীদের উচিত স্নোপ্লোগুলো পার না হওয়া বা খুব কাছ থেকে অনুসরণ না করা। গাড়ি চালকদের জন্য গাড়ি চালানোর জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হলো স্নো-প্লাউ এর বেশ পিছনে যেখানে সড়কপথ পরিষ্কার রয়েছে ও লবণ ছিটানো হয়েছে। স্নোপ্লো চালু থাকা অবস্থায় কখনোই সেটি অতিক্রম করার চেষ্টা করবেন না।

বিদ্যুৎ বিভ্রাট

- এলাকাভিত্তিক মেরামতের সময়সূচি জানতে আপনার ইউটিলিটির কাছে যাচাই করুন।
- বিদ্যুৎ চলে গেলে, সার্ভিস পুনরুদ্ধার হলে সার্কিট অতিরিক্ত লোড হতে পারে এমন কারণে বাতি এবং যন্ত্রপাতি বন্ধ বা প্লাগ আউট করুন; বিদ্যুৎ পুনরুদ্ধার হয়েছে তা জানতে একটি বাতি জ্বালিয়ে রাখুন।
- যদি শীতকালীন ঝড়ের সময়ে হিটিং চলে যায়, তাহলে আপনার যেসব কক্ষ প্রয়োজন নেই সেগুলো বন্ধ করে দেওয়ার মাধ্যমে উষ্ণতা ধরে রাখুন।

বিদ্যুৎ বিপর্যয়ের বিষয়ে রিপোর্ট করতে, কল করুন:

- সেন্ট্রাল হাডসন: 800-527-2714
- কন এডিসন: 800-752-6633
- ন্যাশনাল গ্রিড: 800-867-5222
- NYSEG: 800-572-1131
- O&R: 877-434-4100
- PSEG-LI: 800-490-0075
- RG&E: 800-743-1701

হিটিং সংক্রান্ত সতর্কতা

বিকল্প তাপের জন্য শুধু নিরাপদ উৎস যেমন ফায়ারপ্লেস, ছোট আকারের ভালো ভেন্টযুক্ত কাঠের বা কয়লার চুলা বা পোর্টেবল স্পেস হিটার ব্যবহার করুন।

ফায়ারপ্লেস, উডস্টোভ, ইত্যাদির মতো বিকল্প হিট সোর্স ব্যবহার করার সময় আপনার সঠিক ভেন্টিলেশন আছে কিনা তা সবসময় নিশ্চিত হয়ে নিবেন এবং ম্যানুফ্যাকচারারের ইন্সট্রাকশন ফলো করুন।
পর্দা, তোয়ালে এবং পটহোল্ডারগুলোকে উত্তপ্ত পৃষ্ঠতল থেকে দূরে রাখুন।

একটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং স্মোক ডিটেক্টর রাখুন এবং সেগুলো কাজ করছে তা নিশ্চিত করুন।
যদি আপনি আপনার হিটিং-এর নিয়মিত জ্বালানির সম্পূরক হিসেবে, অথবা জরুরি পরিস্থিতিতে তাপের উৎস হিসেবে কেরোসিন হিটার ব্যবহার করেন, তাহলে নিম্নলিখিত নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ অনুসরণ করুন:

- উৎপাদকের নির্দেশনা অনুসরণ কর।
- আপনার ইউনিটের জন্য শুধু সঠিক জ্বালানি ব্যবহার করুন।
- শুধু ঘরের বাইরে এবং শুধুমাত্র যখন ইউনিটটি ঠাণ্ডা থাকে তখন পুনরায় জ্বালানি ভর্তি করুন।
- হিটারকে আসবাবপত্র এবং অন্যান্য দাহ্য বস্তু থেকে কমপক্ষে তিন ফুট দূরে রাখুন।
- হিটার ব্যবহার করার সময়, আগুন থেকে সুরক্ষার পদক্ষেপসমূহ এবং ভেন্টিলেশন যথাযথভাবে ব্যবহার করুন।

শীতকালের জন্য আরো সেফটি টিপস পেতে dhses.ny.gov/safety ভিজিট করুন। ঘূর্ণিঝড়ের আগে, সময়ে বা পরবর্তীতে নিউ ইয়র্ক স্টেটে জরুরি নয় এমন পরিষেবার জন্য 211 নম্বরে কল করুন বা ভিজিট করুন www.211nys.org/।

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস দুর্যোগ এবং অন্যান্য ইমার্জেন্সি প্রতিরোধ করতে, এগুলি থেকে সুরক্ষা দিতে, সাড়াদান, পুনরুদ্ধার, এবং প্রশমন করতে নেতৃত্ব, কোঅর্ডিনেশন, এবং সমর্থন প্রদান করে। আরো তথ্যের জন্য ফেসবুকে, ইন্সটাগ্রাম এবং X (পূর্বে Twitter হিসেবে পরিচিত) এ @NYSDHSES ফলো করুন অথবা ভিজিট করুন dhses.ny.gov।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন